

বার্ষিক প্রতিবেদন - ২০১৯

মঞ্চে উপস্থিত পরিচালন সমিতির সভাপতি, আজকের প্রধান অতিথি আয়মিটি ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য অধ্যাপক ধূবজ্যোতি চট্টোপাধ্যায় মহাশয়, দর্শকাসনে উপস্থিত বিশিষ্ট অতিথিবৃন্দ, প্রিয় সহকর্মী ও ছাত্রীরা -

গত একবছরে যেসব প্রাক্তন সহকর্মীদের আমরা হারিয়েছি, যারা কেউ কেউ শেষদিন পর্যন্ত যোগমায়া দেবী কলেজের সাথে যুক্ত ছিলেন, তাদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে আমি ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের বার্ষিক প্রতিবেদন পেশ করছি।

কলেজের পরীক্ষার ফলের নিরিখে কিছু ছাত্রী প্রতি বছরই কলেজকে গর্বিত করে। এবছরও ২৯০ জন ছাত্রী বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে এবং ৩ জন ছাত্রী বিশ্ববিদ্যালয়ের টপার হয়েছে। সামগ্রিক পাশের হার ৮০ -৮৫ %।

এন.সি.সি এবং এন.এস.এস ছাত্রীরা এই কলেজের গর্ব। পড়াশোনার পাশাপাশি বিভিন্ন সেবা ও গঠনমূলক কাজের সঙ্গে সারা বছর এই ছাত্রীরা যুক্ত থাকে। রোড সেফটি প্রোগ্রাম, ব্লাড ডোনেসান প্রোগ্রাম, ট্রি প্ল্যান্টেসান প্রোগ্রাম, স্বচ্ছ ভারত মিশন, ইয়োগা ডে, এনভায়রনমেন্ট ডে উদযাপন, স্পেশাল ভিলেজ অ্যাডপসান ক্যাম্প আয়োজন করা ছাড়াও এই ছাত্রীরা কলেজের নানা কাজে সহায়তা করে। প্রায় ১০০ জন ক্যাডেট সমূন্দ এন.সি.সি এবং এন.এস.এস টিম বিভিন্ন ক্যাম্প, চ্যাম্পিয়নশিপ, ম্যারাথন ইত্যাদি থেকে সারা বছরে ১০ টির ও বেশী প্রাইজ জিতে কলেজকে গর্বিত করেছে।

প্রতি বছরের মতো এবছরও কলেজের কেরিয়ার কাউন্সেলিং সেল-র পক্ষ থেকে বিভিন্ন পেশাগত দক্ষতাবৃদ্ধি কোর্স করানো হয়েছে এবং হচ্ছে। এইসব কোর্স-এ প্রায় ১৬০ জন ছাত্রী যোগ দিয়ে সার্টিফিকেট পেয়েছে।

দুঃস্থ ছাত্রীদের জন্য ফ্রীশিপ-র ব্যবস্থা ছাড়াও ফ্রী ব্রেকফাস্ট স্কীম চালু করা হয়েছে। কলেজ নির্যোজিত অশিক্ষক কর্মচারীদের জন্য ‘কলেজ-এইডেড-পি.পি.এফ’ স্কীম চালু করা হয়েছে।

শিক্ষক-শিক্ষিকাদের উৎসাহে ‘নলেজ-বেসড-ই-বুক’-র প্রথম খন্দ প্রকাশিত

হয়েছে। কলেজের পার্ট-টাইম ও কন্ট্রাকচুয়াল শিক্ষক-শিক্ষিকাদের গবেষণা সহায়তা দেবার জন্য রিসার্চ-গ্র্যান্ট-র ব্যবস্থা করা হয়েছে। ‘ইলান-২০১৮’-ইন্টার কলেজ সাংস্কৃতিক প্রতিযোগিতায় ২৮ টি কলেজ থেকে ১১৮ জন প্রতিযোগী অংশগ্রহণ করে এই প্রতিযোগিতাকে সফল করে তুলেছে।

সকলকে ধন্যবাদ জানিয়ে বলব যে, কলেজের পক্ষ থেকে ছাত্রীদের বিভিন্ন সুযোগ সুবিধা দেবার এই প্রচেষ্টা আমরা অব্যাহত রাখব- শুধু আশা করব ছাত্রীরা এর প্রকৃত ব্যবহারের মধ্যে দিয়ে নিজেরা সফল হবে এবং একে সফল করে তুলবে।

অঙ্গন্ত্র মঞ্চ
২৬-২-২০১৯

নমস্কারান্তে
ড. শ্রাবণী সরকার
অধ্যক্ষা